# বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
## আইসিটি বিভাগ

**ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-'২৩ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ১ম সভার কার্যবিবরণী**

সভাপতিঃ ড. মোঃ জুলফিকার আলী
সভার তারিখঃ ১৪/৮/২০২২ইং
সভার সময়ঃ সকাল ১২.০০ ঘটিকা
স্থানঃ ইনোভেশন অফিসারের অফিস কক্ষ
উপস্থিতিঃ পতাকা "ক"

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের ই-গর্ভন্যান্স ও ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার সভাপতি, ইনস্টিটিউটের মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিকল্পনা ও মূল্যায়ন) ও ফোকাল পয়েন্ট উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর ইনস্টিটিউটের ২০২২-২৩ অর্থ বছরের ই-গর্ভন্যান্স ও ইনোভেশন কর্মপরিকল্পনার বিষয়ভিত্তিক আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচ্য সূচী | করণীয় | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১। | সেবা সহজিকরণ/ ডিজিটালাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী বাস্তবায়ন | ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এ সেবা সহজিকরণ/ ডিজিটালাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের বাধ্যবাধকতা রয়েছে বলে সদস্য সচিব সভায় অবহিত করেন। সদস্য সচিব আরো জানান ইতঃমধ্যে এটুআই কর্তৃক আয়োজিত "সেবা সহজিকরণ" বিষয়ক কর্মশালায় "বিএফআরআই উদ্ভাবিত উন্নত জাতের মাছের পোনা উৎপাদন ও সুলভ মুল্যে বিপণন" নামে একটি সেবা সহজিকরণ করা হয়েছে বলে জানায়। সভাপতি মহোদয় মহাপরিচালক মহোদয়ের অনুমোদন সাপেক্ষে উক্ত সেবাটি ২০২২-২৩ অর্থবছরের জন্য চূড়ান্ত করা যেতে পারে অভিমত প্রকাশ করেন। ইনস্টিটিউটের মাসিক সমন্বয় সভায় উক্ত সহজীকৃত সেবাটি উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়। | ইনোভেশন টিম |
| ০২। | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত করা এবং প্রস্তুতকৃত সেবাসমূহ চালু রাখা | ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত ফরমেট অনুযায়ী প্রস্তুত করে ইনস্টিটিউটের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। প্রস্তুতকৃত সেবাগুলো চালু আছে মর্মে সিস্টেম এনালিষ্ট সভায় অভিহিত করেন। প্রস্তুতকৃত সেবাগুলো সচল রাখার ব্যাপারে সিদ্ধান্ত গৃহিত হয়। | সিষ্টেম এনালিষ্ট/ উদ্ভাবক/ ইনোভেশন টিম |
| ০৩। | ই-নথির ব্যবহার বৃদ্ধি | ইনস্টিটিউটের ই-নথির ব্যবহার ২০২২-২৩ অর্থবছরে ৮৫% এ উন্নতি করার জন্য কর্মপরিকল্পনায় বাধ্যবাধকতা রয়েছে। নথির ব্যবহার ৮৫% এ উন্নীত করার জন্য সদর দপ্তরের সকল শাখা ও সকল কেন্দ্রে তাগিদপত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সদস্য সচিব/ ইনোভেশন টিম |
| ০৪। | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/ কর্ম-পরিকল্পনা প্রণয়ন | চতুর্থ শিল্প বিপ্লব এর সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্মপরিকল্পনা প্রণয়ের বিষয়ে উপস্থিত সবাই অভিমত প্রকাশ করেন। সভাপতি মহোদয় উক্ত বিষয়ে মন্ত্রণালয় সাথে যোগাযোগ করার পরামর্শ প্রদান করেন। আইন/পলিসি/কর্মপরিকল্পনা মন্ত্রণালয়ের সাথে পরামর্শ করে প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিম |
| ০৫। | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন | চতুর্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক ০২টি কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিম |
| ০৬। | তথ্য বাতায়ন হালনাগাদ করা | ত্রৈমাসিক ভিত্তিতে ইনস্টিটিউটের ওয়েবসাইটের হালনাগাদ প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সিষ্টেম এনালিষ্ট |
| ০৭। | কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ইনস্টিটিউটের ই-গর্ভন্যান্স ও ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়নে ০৪টি প্রশিক্ষণ নির্ধারিত সময়ে সম্পন্ন করার জন্য প্রশিক্ষণ শাখায় পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ইনোভেশন টিম/ প্রশিক্ষণ শাখা |

| | | | |
|---|---|---|---|
| ০৮। | ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয় | ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য হিসাব ও অর্থ বিভাগ হতে ২০২২-২৩ অর্থবছরের বরাদ্দকৃত বাজেট চূড়ান্ত করে লক্ষ্যমাত্রা অনুযায়ী নুন্যতম ৮০% ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিম/ হিসাব ও অর্থ বিভাগ |
| ০৯। | দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন | দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ নির্ধারিত তারিখের মধ্যে পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিম |

সভায় আর কোন বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭/৮/২২

(ড. মোঃ জুলফিকার আলী)
মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা
পরিকল্পনা ও মূল্যায়ন শাখা
ও
ফোকাল পয়েন্ট
ই-গর্ভন্যান্স ও ইনোভেশন কর্মপরিকল্পনা

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১) জনাব মোঃ আবুল বাশার, প্রকল্প পরিচালক, চাঁদপুর নদী কেন্দ্রে ইলিশ গবেষণা জোরদারকরণ প্রকল্প ও সদস্য, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
২) জনাব আশিকুর রহমান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও সদস্য সচিব, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট

স্মারক নম্বর: ৩৩.০৪.০০০০.১১২.০৭.০০১.১৭/ ২৮৩ তারিখ: ১৭/৮/২২

সদয় অবগতির জন্য প্রেরণ করা হল:
১) বৈজ্ঞানিক কর্মকর্তা (মহাপরিচালকের স্টাফ অফিসার), মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
২) মাষ্টার নথি/অফিস কপি

১৭/৮/২২

(মোহাম্মদ শহিদ উল্যাহ)
সিষ্টেম এনালিষ্ট
ও
সদস্য, ই-গর্ভন্যান্স ও ইনোভেশন কর্মপরিকল্পনা